# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭১৭

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ২৮. ওযুতে (অঙ্গসমূহ) দু’ দু’বার করে ধোয়া

بَاب الْوُضُوءِ مَرَّتَيْنِ مَرَّتَيْنِ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ حَسَّانَ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّدٍ وَخَالِدُ بْنُ عَبْدِ اللَّهِ عَنْ عَمْرِو بْنِ يَحْيَى الْمَازِنِيِّ عَنْ أَبِيهِ أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ زَيْدٍ دَعَا بِتَوْرٍ مِنْ مَاءٍ فَأَكْفَأَ عَلَى يَدَيْهِ فَغَسَلَهُمَا ثَلَاثَ مَرَّاتٍ وَغَسَلَ وَجْهَهُ ثَلَاثًا وَيَدَيْهِ إِلَى الْمِرْفَقَيْنِ مَرَّتَيْنِ مَرَّتَيْنِ ثُمَّ قَالَ هَكَذَا رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَتَوَضَّأُ

إسناده صحيح

বাংলা

৭১৭. আমর ইবনু ইয়াহইয়া আল মুযানী তার পিতা হতে বর্ণনা করেন যে, আব্দুল্লাহ ইবনু যাইদ রাদ্বিয়াল্লাহু আনহু একপাত্র পানি চাইলেন। এরপর তিনি তার দু’হাতে পানি ঢেলে হাত দু’টি তিনবার ধুলেন, আর তার মুখমণ্ডলও তিনবার ধুলেন। এরপর কনুই পর্যন্ত দু’হাত দু’ দু’বার করে ধুলেন। তারপর বললেন, আমি এভাবে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে ওযু করতে দেখেছি।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: সহীহ বুখারী ১৮৫; সহীহ মুসলিম ২৩৫; আর আমরা এর তাখরীজ পূর্ণরূপে দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ১০৭৭, ১০৮৩-১০৮৫, ১০৯৩; নং এ এবং মুসনাদুল হুমাইদী নং ৪২১ এ। এছাড়া এটি বর্ণনা করেছেন, বাইহাকী, আল মা’রিফাহ ১/২৮৩ নং ৬৫৬; দারুকুতনী ১/৮২ নং ১৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আমর ইবনু ইয়াহইয়া আল মুযানী (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=76093

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন